শ্রেণি: এইচএসসি
বিষয়: ইসলাম শিক্ষা ২য় পত্র
বিষয়বস্তু: বহুনির্বাচনী প্রশ্ন

১২০ টি
মোট প্রশ্ন

১২০ টি
ইউনিক প্রশ্ন

স্মার্ট সাইট ও অ্যাপের বিশেষ ফিচারসমূহ
✓ উত্তর, ব্যাখ্যা ও AI ডাউট সলভিং
✓ দেশসেরা লিডারবোর্ড
✓ প্রোগ্রেস এনালিটিক্স
✓ AI অ্যাসিস্টেন্ট ও সলভার
✓ বিশাল সংখ্যক প্রশ্ন ব্যাংক
✓ কাস্টম মক টেস্ট

QR স্ক্যান করে প্র্যাকটিস করুন

# # বহুনির্বাচনী প্রশ্ন

**উদ্দীপকটি পড়ে প্রশ্নের উত্তর দাও**

জামিল সাহেব রাস্তা হতে ইটের টুকরা এবং কলার খোসা সরিয়ে ফেললেন। তার ভাই রাইয়ান নার্সারি হতে গাছের চারা কিনে বাগানে লাগালেন।

১. জামিল সাহেবের কর্মকাণ্ডে কী প্রকাশ পেয়েছে?

- (ক) ইমান ●
- (খ) ইজমা
- (গ) শোকর
- (ঘ) তাকওয়া

২. রাইয়ানের কার্যক্রমের ফলে-

i. পরিবেশ রক্ষা পাবে
ii. সদকার সাওয়াব পাবে
iii. মুনাফিকি দূর হবে

নিচের কোনটি সঠিক?

- (ক) i ও ii ●
- (খ) i ও iii
- (গ) ii ও iii
- (ঘ) i, ii ও iii

৩. ইসলামে প্রসিদ্ধ মাযহাব কতটি?

- (ক) ৩টি
- (খ) ৪টি ●
- (গ) ৫টি
- (ঘ) ৬টি

৪. মতন' অর্থ কী?

- (ক) হাদিস লিখনের উপকরণ
- (খ) হাদিসের মূল বাণী ●
- (গ) রাবিগণের বর্ণনা পরম্পরা
- (ঘ) হাদিস সংকলনের পদ্ধতি

৫. ইমাম আবু হানিফা (র) রচিত গ্রন্থ কোনটি?

ক কিতাবুল উম্ম
খ ফিকহুল আকবার
গ আল-মুয়াত্তা
ঘ মুসনাদে আহমদ

৬. যাকাত ব্যয়ের খাত কয়টি?

ক ৬টি
খ ৭টি
গ ৮টি
ঘ ৯টি

৭. ইসলামের সেতুবন্ধন কোনটি?

ক সালাত
খ সাওম
গ হজ
ঘ জাকাত

৮. আল-কুরআন তিলাওয়াতের মাধ্যমে একজন ব্যক্তি-

i. অধিক সাওয়াব লাভ করে
ii.মানসিক উৎকর্ষ সাধন করে
iii. পারলৌকিক মুক্তি লাভ করে

নিচের কোনটি সঠিক?

ক i ও ii
খ i ও iii
গ ii ও iii
ঘ i, ii ও iii

৯. আযিমাত' অর্থ-

ক ঐচ্ছিক
খ আবশ্যিক
গ মুবাহ
ঘ মানদূব

১০. সালাত' শব্দটি-

ক ফারসি
খ উর্দু
গ আরবি
ঘ হিব্রু

১১. আল্লাহ আসমানকে মানুষের জন্য করেছেন-

ক বিছানা
খ ছাদ
গ জীবিকা
ঘ বাসস্থান

১২. সামাজিক সমস্যা সমাধানের মূল উৎস কোনটি?

ক আল-কুরআন
খ আল-হাদিস
গ আল-ইজমা
ঘ আল-কিয়াস

১৩. "তাদের অন্তরসমূহের মধ্যে রয়েছে ব্যাধি।"-এদের বলতে কাদের কথা বলা হয়েছে?

ক কাফির
খ ফাসিক
গ মুনাফিক
ঘ জালিম

১৪. ইমাম আহমদ ইবনে হাম্বল (র) কোথায় জন্মগ্রহণ করেন?

ক মদিনায়
খ ফিলিস্তিনে
গ কুফায়
ঘ বাগদাদে

১৫. 'ফিকহ' শব্দের অর্থ কী?

ক অনুমান করা
খ সতর্ক করা
গ তুলনা করা
ঘ অনুধাবন করা

১৬. ইমামু দারুল হিজরত" কার উপাধি?

ক ইমাম আবু হানিফা (র)
খ ইমাম মালিক (র)
গ ইমাম শাফেয়ি (র)
ঘ ইমাম আহমদ ইবনে হাম্বল (রহ)

১৭. আল-ইজমা' অর্থ কী?

ক তুলনা করা
খ একত্রিত করা
গ বৃদ্ধি পাওয়া
ঘ একমত হওয়া

১৮. সত্যবাদী মুসলিম ব্যবসায়ী কিয়ামতের দিন কার সঙ্গে থাকবেন?

ক আলেমদের
খ ইমানদারদের
গ শহিদদের
ঘ মুত্তাকিদের

১৯. যাকাত' অর্থ কী?

ক একমত
খ তুলনা
গ বৃদ্ধি
ঘ গবেষণা

২০. রাতের দুশ্চিন্তা ও দিনের লাঞ্ছনা হিসাবে হাদিসে কোনটিকে উল্লেখ করা হয়েছে?

ক বংশ মর্যাদা
খ সম্পদ
গ অর্থ
ঘ অর্থ

২১. সাওম পালনের ফলে-

ক নেতৃত্বের গুণাবলি সৃষ্টি হয়
খ বিশ্বভ্রাতৃত্ব প্রতিষ্ঠিত হয়
গ সহানুভূতি ও সহমর্মিতা সৃষ্টি হয়
ঘ ধনী-গরিব বৈষম্য দূর হয়

২২. আসহাবে সুফফা' নিচের কোনটির সাথে সংশ্লিষ্ট ছিল?

ক বাইতুল্লাহতে
খ মসজিদে নববিতে
গ মসজিদে আকসাতে
ঘ দারুল আরকামে

স্যাট একাডেমি

২৩. রাসুল (স) এর যুগের সেরা মুনাফিক কে ছিলেন?

**(ক) আব্দুল্লাহ বিন উবাই** (খ) উবাই বিন খালফ
(গ) আবু লাহাব (ঘ) আবু সুফিয়ান

২৪. পবিত্র কুরআনে কোন জাতির ইতিহাস সম্পর্কে বেশি আলোচিত হয়েছে?

(ক) আদ জাতি (খ) সামুদ জাতি
**(গ) বনী ইসরাঈল** (ঘ) সবগুলো

২৫. ফেরাউনের মৃতদেহ কোথায় সংরক্ষিত আছে?

(ক) ব্রিটিশ মিউজিয়ামে
**(খ) মিশরের ন্যাশনাল মিউজিয়ামে**
(গ) ভিক্টোরিয়া এলবার্ট মিউজিয়ামে
(ঘ) লর্ড মিউজিয়ামে

২৬. কাকে শরিয়ত বলা হয়?

(ক) বিধি-বিধানকে **(খ) ইসলামের বিধি-বিধানকে**
(গ) আদেশকে (ঘ) নিষেধকে

২৭. আয়াতুল কুরসি কোন সুরার আয়াত?

**(ক) সুরা-বাকারা** (খ) সুরা-নিসা
(গ) সুরা আলে-ইমরান (ঘ) সুরা-আনফাল

২৮. জাহান্নামিদের খাদ্য কী?

(ক) ফলমূল **(খ) কাঁটাযুক্ত বৃক্ষ**
(গ) মান্না-সালওয়া (ঘ) পাখির ভুনা মাংস

২৯. কীসের ক্ষেত্রে প্রতিযোগিতা করা বৈধ?

**(ক) দানের ক্ষেত্রে** (খ) আয়ের ক্ষেত্রে
(গ) অর্থ উপার্জনের ক্ষেত্রে (ঘ) যুদ্ধক্ষেত্রে

৩০. যে ব্যক্তি তার মুসলিম ভাইয়ের প্রয়োজন পূরণে এগিয়ে আসে, তার প্রয়োজনে কে এগিয়ে আসেন?

**(ক) আল্লাহ** (খ) রাসুল (স)
(গ) পীর আউলিয়া (ঘ) ওলি-আল্লাহ

৩১. রুখসাত সাব্যস্ত হবে অবশিষ্ট আলিম যদি তিন (৩) দিন-

i. এর মধ্যে মতবিরোধ করে
ii. ধরে নীরবতা বজায় রাখে
iii. এর মধ্যে কোনো মত দানে বিরত থাকে
নিচের কোনটি সঠিক

(ক) i ও ii (খ) i ও iii
**(গ) ii ও iii** (ঘ) i, ii ও iii

৩২. স্বামীর মৃত্যুর পর স্ত্রী কতদিন ইদ্দত পালন করবে?

(ক) ৪০ দিন (খ) তিন মাস ১০ দিন
(গ) তিন মাস ২০ দিন **(ঘ) চার মাস ১০ দিন**

৩৩. ইমাম আবু হানিফা (র) মৃত্যুবরণ করেন-

i. খলিফা মনসুরের কারাগারে
ii. ১৫০ হিজরী মোতাবেক ৭৭০ খ্রিষ্টাব্দে
iii. খলিফা মনসুর কর্তৃক বিষ প্রয়োগে
নিচের কোনটি সঠিক?

(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii **(ঘ) i, ii ও iii**

৩৪. বিবাহ ব্যবস্থার মাধ্যমেই ইসলাম কার চরিত্র সমুন্নত রেখেছে?

(ক) পুরুষের (খ) নারীর
(গ) নবি-রাসুলদের **(ঘ) নারী-পুরুষের**

৩৫. ইমান ও কুফরের মধ্যে পার্থক্যকারী কোনটি?

**(ক) সালাত** (খ) রোজা
(গ) হজ (ঘ) জাকাত

৩৬. ধনীদের সম্পদে অধিকার রয়েছে-

i.ভিক্ষুকদের
ii. বঞ্চিতদের
iii. সাধারণ মানুষের
নিচের কোনটি সঠিক?

**(ক) i ও ii** (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

৩৭. হজের ওয়াজিব কয়টি?

(ক) তিনটি (খ) চারটি
(গ) ছয়টি **(ঘ) সাতটি**

স্যাট একাডেমি

৩৮. সাওম পালনের ফলে-

ক নেতৃত্বের গুণাবলি সৃষ্টি হয়
খ বিশ্বভ্রাতৃত্ব প্রতিষ্ঠিত হয়
গ সহানুভূতি ও সহমর্মিতা সৃষ্টি হয়
ঘ ধনী-গরিব বৈষম্য দূর হয়

৩৯. তাদের উপর ততখানিক কাজের চাপ দেওয়া যেতে পারে যতখানি তাদের সামর্থ্যে কুলায়' এটি কার বাণী?

ক রাসুল (স) খ আবু বকর (রা)
গ উমর (রা) ঘ আলী (রা)

৪০. 'দুনিয়াতে এমন কোনো নবি পাঠাননি যিনি বকরি চরাননি' এটি কে বলেছেন?

ক রাসুল (স) খ আবু বকর (রা)
গ উমর (রা) ঘ আলী (রা)

৪১. ইসলামের চরম দুশমন কারা?

ক ইহুদি খ খ্রিষ্টান
গ বৌদ্ধ ঘ মুনাফিক

৪২. কাদের ব্যবসায় লাভজনক নয়?

ক যারা ব্যবসায় অসাধুতা অবলম্বন করে
খ যারা ক্ষুদ্র ও মাঝারি ব্যবসায় করে
গ যারা মজুদদারি ও কালোবাজারি করে
ঘ যারা হেদায়েতের বিনিময়ে পথভ্রষ্টতাকে ক্রয় করে

৪৩. নবি-রাসুলগণ কীসের আলোকে রাষ্ট্রব্যবস্থা কায়েম করেছেন?

ক প্রচলিত আইনকানুন খ মানব রচিত মতবাদ
গ গণতান্ত্রিক দর্শন ঘ আল্লাহর বিধিবিধান

৪৪. খলিফা শব্দটি কোন ভাষার শব্দ?

ক আরবি খ ফারসি
গ উর্দু ঘ ল্যাটিন

৪৫. আল্লাহ তায়ালা কাকে জাগতিক সকল বস্তুর নাম, গুণাগুণ ও তথ্যাদি শিক্ষা দিয়েছিলেন?

ক হযরত আদম (আ) খ হযরত মুসা (আ)
গ হযরত ইব্রাহিম (আ) ঘ হযরত ইসমাইল (আ)

৪৬. বনি ইসরাইলদের মাতৃভূমি কোথায় ছিল?

ক মক্কা খ মদিনা
গ চীন ঘ জেরুজালেম

৪৭. বনি ইসরাইলদের জন্য আল্লাহ তায়ালা আকাশ থেকে কোন খাবার পাঠিয়েছিলেন?

ক মান্না-সালওয়া খ পাখির গোশত
গ ফলমূল ঘ আদা-রসুন

৪৮. আল-বাকারা পবিত্র কুরআনের কততম সুরা?

ক দ্বিতীয় খ তৃতীয়
গ চতুর্থ ঘ পঞ্চম

৪৯. কে "পাঁচ ব্যক্তির সাথে তথা মিথ্যাবাদী, নির্বোধ, পাপাচারী, ভীরু ও কৃপণ ব্যক্তির সাথে বন্ধুত্ব করতে নিষেধ করেছেন?

ক আব্দুল কাদের জিলানী (র)
খ ইমাম জাফর সাদেক (র)
গ ইমাম আবু হানীফা (র)
ঘ হযরত আলী (রা)

৫০. শক্তি-দৃঢ়তা এবং দুর্বলতা ও সংশয়ের বিচারে ইজমার স্তরগুলো হচ্ছে-

i. সাহাবিগণের সুস্পষ্ট ঐকমত্য
ii. সাহাবিগণের নীরবতামূলক
iii. অধিক হকপন্থীদের ইজমা

নিচের কোনটি সঠিক?

ক i খ ii
গ i ও ii ঘ i, ii ও iii

৫১. শায়খাইন কাদেরকে বলা হয়?

ক ইমাম মুহাম্মদ (র) ও ইমাম আবু ইউসুফ (র)
খ ইমাম আবু হানিফা (র) ও ইমাম আবু ইউসুফ (র)
গ ইমাম আবু হানিফা (র) ও ইমাম মুহাম্মদ (র)
ঘ ইমাম আবু হানিফা (র) ও ইমাম মালিক (র)

৫২. ইবাদত শব্দের ব্যুৎপত্তিগত অর্থ হচ্ছে-

ক বশ্যতা স্বীকার করা খ প্রার্থনা করা
গ পরিশুদ্ধ হওয়া ঘ সংকল্প করা

স্যাট একাডেমি

৫৩. ক' এর যথার্থ মুমিন হওয়ার জন্য যা করতে হবে-

i. পরচর্চা পরিত্যাগ করতে হবে
ii. অশ্লীলতা ও বেহায়াপনা ত্যাগ করতে হবে
iii. অভিশাপ ও অভিসম্পাত করা থেকে বিরত থাকতে হবে

নিচের কোনটি সঠিক?

ক i ও ii
খ i ও iii
গ ii ও iii
ঘ i, ii ও iii

৫৪. যাকাতের মাসারিফ কয়টি

ক ৩টি
খ ৪টি
গ ৫টি
ঘ ৮টি

৫৫. ফিকহ” শব্দের অর্থ কী?

ক অনুমান করা
খ তুলনা করা
গ অনুধাবন করা
ঘ সংকল্প করা

৫৬. কিভাবে ইজমার বৈধতা প্রমাণিত হয়?

ক ঐক্যমত্যের ভিত্তিতে
খ কুরআন ও হাদিস দিয়ে
গ যুক্তি প্রমাণ দিয়ে
ঘ বিচার বুদ্ধি প্রয়োগ করে

৫৭. যারা ইজমার জন্য যোগ্য তাদেরকে কী বলা হয়?

ক ইজমার আহল
খ ইজমার আদব
গ ইজমার আবদ
ঘ ইজমার ফিলি

৫৮. হজের ফরজ হলো-

i. ইহরাম বাঁধা
ii. ৯ যিলহজ আরাফাতে অবস্থান করা
iii. কুরবানী করা

নিচের কোনটি সঠিক?

ক i ও ii
খ i ও iii
গ ii ও iii
ঘ i, ii ও iii

৫৯. হিকমাত হচ্ছে রাসূলে করীমের সুন্নাত" কে বলেছেন?

ক ইমাম আবু হানীফা (র)
খ ইমাম শাফেঈ (র)
গ ইমাম মালিক (র)
ঘ ইমাম আহমদ ইবনে হাম্বল (র)

৬০. "এক মুসলিম অন্য মুসলিমের ভাই। সে তার প্রতি জুলুম করবে না, তাকে শত্রুর হাতে তুলেও দেবে না।” হাদিসটি কোন গ্রন্থের অন্তর্ভুক্ত?

ক সহিহ বুখারী ও সহীহ মুসলিম
খ সহিহ বুখারী ও সুনানে নাসাঈ
গ সহিহ বুখারী ও জামে তিরমীযী
ঘ সহিহ বুকারী ও সুনানে ইবনে মাযাহ

৬১. বিশ্বস্ত সত্যবাদী মুসলিম ব্যবসায়ীরা কিয়ামতের দিন কাদের সাথে থাকবেন?

ক নবিদের
খ ওলিদের
গ শহিদদের
ঘ সিদ্দীকদের

৬২. রাসুরুল্লাহ (স) এর অর্থনৈতিক সংস্কার হলো-

i. কুসিদ প্রথা বাতিল করা
ii. জাকাত, ফিতরা ও সাদাকাহর প্রচলন করা
iii. বায়তুল মাল হতে গরিব দুঃখীদের অর্থ সাহায্য করা

নিচের কোনটি সঠিক?

ক i ও ii
খ i ও iii
গ ii ও iii
ঘ i, ii ও iii

৬৩. নিফাক শব্দের অর্থ কী?

ক অস্বীকার করা
খ বিশৃঙ্খলা সৃষ্টি করা
গ কপটতা
ঘ অবাধ্যতা

৬৪. আদ দাইন (اَلدَّين) শব্দের অর্থ কী?

ক ঋণ
খ দান
গ উপার্জন
ঘ দুশ্চিন্তা

৬৫. হালাল উপার্জনের সন্ধান করা কী?

ক নফল
খ সুন্নাত
গ ওয়াজিব
ঘ ফরজ

৬৬. হাদিসে বর্ণিত মুনাফিকের লক্ষণসমূহ কোন বিপর্যয়কে পরিস্ফুটিত করে তোলে?

i. কথার বিপর্যয়
ii. মনের বিপর্যয়
iii. কর্মের বিপর্যয়

নিচের কোনটি সঠিক?

ক i ও ii
খ i ও iii
গ ii ও iii
ঘ i, ii ও iii

স্যাট একাডেমি

৬৭. ইজমা গঠনের মূল উপাদানকে কী বলা হয়?

ক ইজমার নুকতা
খ ইজমার রুকন
গ ইজমার হরকত
ঘ ইজমার যজম

৬৮. "প্রত্যেক বস্তুরই খুঁটি আছে, আর দ্বীন ইসলামের খুঁটি হলো ফিকহ"- এ উক্তিটি কার?

ক রাসুলুল্লাহ (স)
খ ইমাম আহমদ (রহ)
গ ইমাম বায়হাকি (রহ)
ঘ ইমাম মালিক (রহ)

৬৯. إِنَّ اللّٰهَ عَلٰى كُلِّ شَيْءٍ قَدِيْرٌ আয়াতে আল্লাহ সব বিষয়ে-

ক সর্বজ্ঞানী
খ সর্বশক্তিমান
গ সর্বশ্রোতা
ঘ সর্বদ্রষ্টা

৭০. 'তুনজার (تنذر) শব্দের অর্থ কী?

ক তাদেরকে সতর্ক করুন
খ তাদেরকে অবহিত করুন
গ তাদেরকে নিয়ম শেখান
ঘ তাদেরকে নির্দেশ দিন

৭১. নিচের কোনটি কুফরের প্রকার-

i. অন্তরে, মুখে ও কর্মে তাওহিদ, রিসালাত অমান্য ও অস্বীকার করা
ii. আখিরাতের প্রতি অমনোযোগী হওয়া
iii. মুখে স্বীকার করে, কিন্তু অন্তরে অবিশ্বাস ও অস্বীকার করা

নিচের কোনটি সঠিক?

ক i ও ii
খ i ও iii
গ ii ও iii
ঘ i, ii ও iii

৭২. মানুষ তার প্রভুর দাসত্ব করবে, তাঁর ব্যাপারে তাকওয়া অবলম্বন করবে। কারণ তিনি-

i. তাদের রব-পালনকর্তা
ii. তিনি পৃথিবীকে বিছানা করেছেন
iii. তিনি আকাশ থেকে পানি বর্ষণ করেন

নিচের কোনটি সঠিক?

ক i ও ii
খ i ও iii
গ ii ও iii
ঘ i, ii ও iii

৭৩. আদর্শের আরবি পরিভাষা কোনটি?

ক أُسْوَةٌ
খ حُذْوَةٌ
গ حَسَنَةٌ
ঘ حِكْمَةٌ

৭৪. কুরআন মানব জাতির পথনির্দেশ এবং সৎ পথের সুস্পষ্ট নীতিমালা আর সত্যাসত্যের পার্থক্য নির্ণয়কারী।' আয়াতটি কোন সূরার অংশ?

ক সুরা আল-বাকারা
খ সুরা বনি-ইসরাইল
গ সুরা আল-আনআম
ঘ সুরা আল-ইমরান

৭৫. সূরা বাকারায় কয়টি রুকু রয়েছে?

ক ৩৫টি রুকু
খ ৩৮টি রুকু
গ ৪০টি রুকু
ঘ ৪৫টি রুকু

৭৬. অর্থনৈতিক ব্যবস্থা সম্পর্কে আল কুরআনের নির্দেশনা হলো-

i. সম্পদ ন্যায়সঙ্গতভাবে উপার্জন ও ব্যয় করতে হবে
ii. সম্পদ পুঞ্জীভূত করতে হবে
iii. দুস্থ ও বিপন্নদের মাঝে সম্পদ বণ্টন করতে হবে

নিচের কোনটি সঠিক

ক i ও ii
খ i ও iii
গ ii ও iii
ঘ i, ii ও iii

৭৭. কোন কাজ রাত্রিকালে দুশ্চিন্তা ও দিবা ভাগে লাঞ্ছনা স্বরূপ-

ক ব্যবসা
খ চাকরি
গ ঋণ
ঘ ঘুষ

৭৮. ইজমার রুকন কয়টি?

ক ২
খ ৩
গ ৫
ঘ ৭

৭৯. উশর কী?

ক ভূমির কর
খ সরকারি জমির রাজস্ব
গ অমুসলিমদের কর
ঘ আমদারি ও রফতানি শুল্ক

৮০. শারীরিক, মানসিক ও আর্থিক ইবাদত কোনটি?

ক নামাজ
খ রোজা
গ হজ
ঘ জাকাত

৮১. ইমাম মালিক (র) এর মতে ইজমার আহল শুধু-

ক মক্কাবাসী
খ মদিনাবাসী
গ কা'বার অধিবাসী
ঘ আরবের অধিবাসী

৮২. হজ শব্দের অর্থ-
i. সংকল্প
ii. জিয়ারত
iii. প্রার্থনা করা
নিচের কোনটি সঠিক?

**(ক) i ও ii** (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

৮৩. সুরা-বাকারাতে বধির, বোবা, অন্ধ বলা হয়েছে কাদেরকে?

(ক) কাফির **(খ) মুনাফিক**
(গ) মুশরিক (ঘ) ফাসিক

৮৪. ইমাম আবু হানিফা (র) জন্মগ্রহণ করেন কোথায়?

**(ক) কুফায়** (খ) বসরায়
(গ) মদিনায় (ঘ) বাগদাদে

৮৫. তোমাদের পঠিত হাদিসের আলোকে ইসলামের সর্বশেষ ভিত্তি কোনটি?

(ক) কালিমা **(খ) সাওম**
(গ) হজ (ঘ) জাকাত

৮৬. ইমানের সর্বনিম্ন শাখা কোনটি?

(ক) লা ইলাহা ইল্লাল্লাহ' এ কথা বলা
(খ) সালাম দেওয়া
**(গ) রাস্তা থেকে কষ্টদায়ক বস্তু অপসারণ করা**
(ঘ) লজ্জাশীলতা

৮৭. মহানবি (স)-কে কাদের চাইতে বেশি ভালো বাসতে হবে?
i. পিতা-মাতা
ii.সন্তান-সন্ততি
iii. সমস্ত মানুষ
নিচের কোনটি সঠিক?

(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii **(ঘ) i, ii ও iii**

৮৮. মানুষ কার জীবনাদর্শে প্রভাবিত হয়?

(ক) শিক্ষকের (খ) পিতা-মাতার
**(গ) বন্ধুর** (ঘ) গুরুজনের

৮৯. হাদিসের আলোকে কোন আমলের ভয়ে একজন মানুষকে অন্যরা পরিত্যাগ করবে?

(ক) পরনিন্দা (খ) অভিসম্পাত
**(গ) গঅশ্লীলতা** (ঘ) মিথ্যা অপবাদ

৯০. ইসলামি শরিয়তের তৃতীয় মূল উৎস কী?

(ক) হাদিস (খ) কুরআন
**(গ) ইজমা** (ঘ) কিয়াস

৯১. ইজমার শাব্দিক অর্থ কী?

(ক) গবেষণা করা **(খ) ঐক্যবদ্ধ হওয়া**
(গ) অনুমান করা (ঘ) ধারণা করা

৯২. মাযহাব শব্দের অর্থ কী?

**(ক) চলার পথ** (খ) আইন-কানুন
(গ) লেনদেন (ঘ) আমল

৯৩. মানবজাতির আদর্শ জীবন গঠনে ভূমিকা পালন করে চলেছে কোন গ্রন্থটি?

**(ক) কুরআন** (খ) যাবুর
(গ) ইঞ্জিল (ঘ) তাওরাত

৯৪. কুরআন পাঠের প্রধান উদ্দেশ্য কোনটি?

(ক) শ্রেষ্ঠত্ব ও মর্যাদা লাভ
(খ) ইহকালীন জীবনে নিরাপত্তা লাভ
(গ) প্রতি হরফে দশ নেকি অর্জন
**(ঘ) আল্লাহর আদেশ পালন**

৯৫. কুরআন শব্দের মূলধাতু (قَرْءٌ) কারউন হলে এর অর্থ কী?

(ক) সামঞ্জস্য **(খ) আবৃত্তি**
(গ) অভিন্ন (ঘ) সমন্বয়

৯৬. قَدْ أَفْلَحَ مَنْ زَكَّاهَا وَقَدْ خَابَ مَنْ دَسَّاهَا আত্মাকে পবিত্র রাখলো সে সাফল্য লাভকরলো, আর যে ব্যক্তি আত্মাকে কলুষিত রাখলো সে ধ্বংস হলো।) এ আয়াতে মানব জীবনের কোন সমস্যার সমাধানের কথা বলা হয়েছে?

(ক) সামাজিক (খ) সামাজিক
**(গ) নৈতিক** (ঘ) জাতীয়

৯৭. যার মধ্যে তাকওয়া রয়েছে তাকে কী বলে?

**(ক) মুত্তাকি** (খ) মুমিন
(গ) মুসলিম (ঘ) মুখলিছ

স্যাট একাডেমি

৯৮. আপনি তাদের সতর্ক করুন বা না করুন তাদের পক্ষে উভয়ই সমান; তারা ইমান আনবে না।' এ আয়াতে কাদের সম্পর্কে আলোচনা করা হয়েছে?

ক মুনাফিক
খ মুশরিক
● গ কাফির
ঘ ফাসিক

৯৯. قَالُوا أَتَجْعَلُ فِيهَا مَنْ يُفْسِدُ فِيهَا وَيَسْفِكُ الدِّمَاءَ এ আয়াতে কাদের সম্পর্কে বলা হয়েছে?

ক ফেরেশতা
● খ মানুষ
গ জিন
ঘ ইবলিস

১০০. সুরা-বাকারা এর শুরুতে কাদের পরিচয় দেওয়া হয়েছে?

ক মুমিন
খ মুনাফিক
গ কাফির
● ঘ মুত্তাকি

১০১. ইবলিস আদম (আ) কে সিজদা করলো না কেন?

i. অবজ্ঞা ও ঘৃণা
ii. অহংকার
iii. ক্রোধ

নিচের কোনটি সঠিক?

● ক i ও ii
খ i ও iii
গ ii ও iii
ঘ i, ii ও iii

১০২. হাদিসের আলোকে প্রকৃতপক্ষে শক্তিমান কে?

ক কুস্তিতে বিজয়ী
● খ ক্রোধ সংবরণকারী
গ যুদ্ধে বিজয়ী
ঘ যে অন্যকে পরাস্ত করতে পারে

**উদ্দীপকটি পড়ে প্রশ্নের উত্তর দাও**

ফয়সাল তার সহপাঠী মামুনকে আল-কুরআনের বিশুদ্ধতা বর্ণনা করতে গিয়ে বলেন, 'ইহা এমন কিতাব যার সম্পর্কে কোনোই সন্দেহ নেই। বরং ইয়া মুত্তাকিদের জন্য পথপ্রদর্শক।

১০৩. ফয়সালের বক্তব্যটি আল-কুরআনে কোন সুরার অংশবিশেষ?

● ক আল-বাকারা
খ আলে-ইমরান
গ আর-রহমান
ঘ আল-হুজরাত

১০৪. মুত্তাকিদের বৈশিষ্ট্য হলো-

i. অদৃশ্যে বিশ্বাস করা
ii. সালাত প্রতিষ্ঠান করা
iii. সম্পদ গচ্ছিত রাখা

নিচের কোনটি সঠিক?

● ক i ও ii
খ i ও iii
গ ii ও iii
ঘ i, ii ও iii

**উদ্দীপকটি পড়ে প্রশ্নের উত্তর দাও**

ফিকহ শাস্ত্রের একজন জনপ্রিয় ইমাম ইরাকের কুফায় জন্মগ্রহণ করেন। তিনি একটি মাযহাব প্রতিষ্ঠা করেন যা সর্বাধিক জনপ্রিয়। রাজনৈতিক কারণে তাকে কারাগারে পাঠানো হয় এবং সেখানেই তার মৃত্যু হয়।

১০৫. উদ্দীপকে কার সম্পর্কে বলা হয়েছে?

● ক ইমাম আবু হানিফা (র)
খ ইমাম শাফেরী (র)
গ ইমাম মালেক (র)
ঘ ইমাম আহমদ (র)

১০৬. উদ্দীপকে বর্ণিত মাযহাবের বৈশিষ্ট্য হলো-

i. যুক্তিযুক্ত
ii. সহজ-সরল
iii. বাস্তবধর্মী

নিচের কোনটি সঠিক?

ক i ও ii
খ i ও iii
গ ii ও iii
● ঘ i, ii ও iii

**উদ্দীপকটি পড়ে প্রশ্নের উত্তর দাও**

শক্তিশালী সেই ব্যক্তি নয়, যে খুব কুস্তি লড়তে পারে। বরং শক্তিশালী হচ্ছে সেই ব্যক্তি, যে ক্রোধের সময় নিজেকে সংযত রাখতে পারে।

১০৭. উদ্দীপকে বর্ণিত বিধানের উৎস কোনটি?

ক আল-কুরআন
● খ আল-হাদিস
গ আল-ইজমা
ঘ আল-কিয়াস

স্যাট একাডেমী

**১০৮.** ক্রোধ দমনের উপায় হলো-

i. দাঁড়িয়ে থাকা
ii. আউযুবিল্লাহ পাঠ করা
iii. দু'রাকাত নফল সালাত পড়া

নিচের কোনটি সঠিক?

ক i ও ii
খ i ও iii
গ ii ও iii
ঘ i, ii ও iii

**উদ্দীপকটি পড়ে প্রশ্নের উত্তর দাও**

জনাব শরীফ আল্লাহর নৈকট্য লাভের জন্য এমন একটি ইবাদত পালনে ইচ্ছুক, যার জন্য শারীরিক ও আর্থিক সামর্থ থাকা জরুরি। তার বন্ধু জনাব শাহীন বলেন, যেহেতু আপনার প্রচুর সম্পদ আছে তাই বছরান্তে হিসাব করে সম্পদের নির্দিষ্ট অর্থ দরিদ্রদের মাঝে দান করা আবশ্যক।

**১০৯.** জনাব শরীফ কোন ইবাদত পালন করতে ইচ্ছুক?

ক জাকাত
খ সালাত
গ হজ
ঘ সাওয়া

**১১০.** জনাব শাহীনের বক্তব্যে উল্লেখিত ইবাদত পালনের ফলে-

i. সম্পদের সুষম বণ্টন হয়
ii. অর্থনৈতিক ভারসাম্য সৃষ্টি হয়
iii. বিশ্বব্যাপী ঐক্যের সেতুবন্ধন তৈরি হয়

নিচের কোনটি সঠিক?

ক i ও ii
খ i ও iii
গ ii ও iii
ঘ i, ii ও iii

**উদ্দীপকটি পড়ে প্রশ্নের উত্তর দাও**

মহান আল্লাহ বলেন "আর মানুষের মধ্যে কিছু এমন রয়েছে, যারা বলে আমরা আল্লাহ ও পরকালের প্রতি ইমান এনেছি। অথচ আদৌ তারা ইমানদার নয়।

**১১১.** উক্ত আয়াতে কাদের কথা বলা হয়েছে?

ক কাফির
খ ফাসিক
গ মুনাফিক
ঘ মুশরিক

**১১২.** উদ্দীপকে নির্দেশিত ব্যক্তিদের ক্ষেত্রে প্রযোজ্য হবে-

i. এদের অন্তরে ব্যাধি আছে
ii. এরা সমাজে বিশৃঙ্খলা সৃষ্টিকারী
iii. এরা বিভ্রান্তকারী

নিচের কোনটি সঠিক?

ক i ও ii
খ i ও iii
গ ii ও iii
ঘ i, ii ও iii

**উদ্দীপকটি পড়ে প্রশ্নের উত্তর দাও**

সুজন HSC Test Paper ক্রয় করে। প্রচ্ছদ পাতায় সে দেখতে পায়, এতে কতগুলো প্রশ্ন রয়েছে। ভিতরের পাতায় পূর্ণাঙ্গসূচি দেখতে পায়। ওর সহপাঠী রাকিব বলে, আল-কুরআনও আল্লাহ তায়ালা তার ইচ্ছামত বিন্যস্ত করেছেন।

**১১৩.** আল-কুরআন কার মাধ্যমে অবতরণ করা হয়?

ক জিবরাইল (আ)
খ মিকাইল (আ)
গ ইসরাফিল (আ)
ঘ আজরাইল (আ)

**১১৪.** রাকিবের বর্ণিত কিতাবটির ক্ষেত্রে যেসব তথ্য সঠিক তা হলো-

i. কিতাবটি ৩০ পারায় বিভক্ত
ii. কিতাবটিতে ১১৪টি সুরা আছে
iii. কিতাবটিতে ৫৫৪টি রুকু রয়েছে

নিচের কোনটি সঠিক?

ক i ও ii
খ i ও iii
গ ii ও iii
ঘ i, ii ও iii

**উদ্দীপকটি পড়ে প্রশ্নের উত্তর দাও**

আল্লাহর বাণী, আপনাকে গোটা মানবজাতির কাছেই পাঠিয়েছি। আর আপনাকে সমগ্র সৃষ্টির জন্য রহমত হিসেবেই প্রেরণ করেছি।

**১১৫.** "আপনাকে সমগ্র সৃষ্টির জন্য রহমত হিসেবে প্রেরণ করেছি" আয়াতটি কোন সুরার অংশ?

ক সুরা বাকারাহ
খ সুরা আলে ইমরান
গ সুরা তওবাহ
ঘ সুরা আম্বিয়া

স্যাট একাডেমি

১১৬. উদ্দীপকে বর্ণিত আয়াতের মাধ্যমে কি নির্দেশ করা হয়েছে?

i. ইসলামের সার্বজনীনতা
ii. ইসলামের উদারতা
iii. নৈতিক উৎকর্ষতা
নিচের কোনটি সঠিক?

ক i ও ii
খ i ও iii
গ ii ও iii
ঘ i, ii ও iii

**উদ্দীপকটি পড়ে প্রশ্নের উত্তর দাও**

জনাব আমজাদ সাহেব একজন গবেষক। তিনি মানুষকে আল্লাহর হুকুম-আহকাম পালনের সঠিক রীতি-পদ্ধতি সম্পর্কে জানানোর জন্য বিশেষ কিছু বিষয় নিয়ে গবেষণা করেছেন। এর মাধ্যমে মানুষ আল্লাহর সন্তুষ্টি লাভে সক্ষম হবে, ইসলামি আইনের গ্রন্থবদ্ধ রূপ সম্পর্কে ধারণা লাভ করবে।

১১৭. জনাব আমজাদ সাহেব কোন শাস্ত্র নিয়ে গবেষণা করেছেন?

ক আকাইদশাস্ত্র
খ ফিকাহশাস্ত্র
গ বিজ্ঞানশাস্ত্র
ঘ ভূগোলশাস্ত্র

১১৮. এ শাস্ত্রের জ্ঞান অর্জনের মাধ্যমে অর্জিত হবে-

i. আখিরাতে মুক্তি
ii. দুনিয়াতে শান্তি
iii. আল্লাহর সন্তুষ্টি
নিচের কোনটি সঠিক

ক i ও ii
খ i ও iii
গ ii ও iii
ঘ i, ii ও iii

**উদ্দীপকটি পড়ে প্রশ্নের উত্তর দাও**

জনাব কামাল সাহেব একজন ধনাঢ্য ব্যবসায়ী। বছরের একটি নির্দিষ্ট সময়ে তিনি নির্দিষ্ট পরিমাণ সম্পদ অসহায় ও দরিদ্র মানুষের মাঝে দান করেন। অন্যদিকে তার বন্ধু সালাম ধনাঢ্য হওয়া সত্ত্বেও দান করেন না। তিনি মনে করেন, দান করলে সম্পদের অপচয় হয়।

১১৯. কামাল সাহেবের কাজটি কী ধরনের?

ক সাদকাহ
খ জাকাত
গ ফিতরা
ঘ উশর

১২০. সালাম সাহেবের কাজের ফলে সামাজিক সমস্যা হিসেবে চিহ্নিত হবে-

i. অর্থনৈতিক বৈষম্য
ii. দারিদ্র্য
iii. ভিক্ষাবৃত্তি
নিচের কোনটি সঠিক?

ক i ও ii
খ i ও iii
গ ii ও iii
ঘ i, ii ও iii

✨ **ধন্যবাদ!** ✨

কোন প্রশ্নের বানান বা উত্তর ভুল থাকলে রিপোর্ট করুন | *Thank you for reading!*

আরও দেখুন: sattacademy.com

⚠️ Sattacademy -এর সকল কন্টেন্ট কপিরাইট আইন দ্বারা সুরক্ষিত। অনুমতি ব্যতিরেকে যেকোনো মাধ্যমে এর ব্যবহার আইনের লঙ্ঘন ও দন্ডনীয় অপরাধ

sattacademy.com | +880 1306 446390

স্যাট একাডেমি